দায়িত্বশীলদের দৈনিক
দেশ রূপান্তর (https://epaper.deshrupantor.com)
www.deshrupantor.com (https://www.deshrupantor.com/)

Date 17 Dec, 2023 - General - Page 1

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি

স্বপ্ন দেখেছিলেন যারা

দেশের প্রথিতযশা শিক্ষাবিদ, শিল্পোদ্যোক্তা ও গুণী মানুষদের হাত ধরে প্রায় ২৭ বছর আগে যাত্রা শুরু করেছিল ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। এ বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা বোর্ড প্রেসিডেন্ট ও উপাচার্য ছিলেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। বর্তমানে ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসনের দায়িত্ব পালন করছেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা এবং এপেক্স গ্রুপের চেয়ারম্যান সৈয়দ মঞ্জুর এলাহী। উনাদের সঙ্গে আরও ১৩ জন স্বনামধন্য বোর্ড সদস্য মিলে প্রাচ্যের মূল্যবোধ ও নৈতিকতার সঙ্গে পাশ্চাত্যের উদ্ভাবনার মিশেলে এক ব্যতিক্রমী উচ্চশিক্ষা প্রতিষ্ঠান চালু করেছেন। এখানে তুলনামূলক কম খরচে মানসম্পন্ন উচ্চশিক্ষা পাওয়া যায়। একই সঙ্গে টিউশন ফি থেকে অর্জিত আয় নানান ধরনের বৃত্তির মাধ্যমে শিক্ষার্থীদের কল্যাণে ব্যয় করা হয়। যে কারণে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের বেশিরভাগ শিক্ষার্থীই মধ্যবিত্ত পরিবার থেকে আসে। বলতে গেলে দেশের মধ্যবিত্ত পরিবার আর নারী শিক্ষার্থীদের প্রধান আস্থার জায়গা হয়ে উঠেছে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়।

মহাখালীর ভাড়া করা একটি ভবনে মাত্র ২০ জন শিক্ষার্থী ও ৬ জন শিক্ষক নিয়ে ১৯৯৬ সালের সেপ্টেম্বরে যাত্রা শুরু করে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়ে এখন দশ হাজারেরও অধিক শিক্ষার্থী, ৩০০ জন পূর্ণকালীন ও ১৫০ জন খণ্ডকালীন শিক্ষক রয়েছেন। শিক্ষকদের মধ্যে ১২৫ জনেরও অধিক রয়েছেন পিএইচডি ডিগ্রিধারী শিক্ষক। রাজধানীর আফতাবনগরের প্রধান ফটকের সামনে অবস্থিত ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ক্যাম্পাস। পরিবেশবান্ধব সিরামিক ইট দিয়ে তৈরি এই নান্দনিক ক্যাম্পাস। সম্প্রতি ক্যাম্পাসটিতে যোগ হয়েছে একটি শহীদ স্মৃতিসৌধ। বিশাল এই সৌধটি বাংলাদেশের ভাষা আন্দোলন, মহান মুক্তিযুদ্ধ, বাংলাদেশের কৃষ্টি ও ঐতিহ্যের প্রতীক। লাল রঙের এই স্থাপনাটি নিঃসন্দেহে শিক্ষার্থীদের দেশের মানুষ ও দেশের প্রতি ভালোবাসা ও দায়িত্ববোধের চেতনায় উদ্বুদ্ধ করবে।

বিভাগ

বর্তমানে বিশ্ববিদ্যালয়ের ৩টি অনুষদ এবং এসব অনুষদের অধীনে রয়েছে ৬টি বিভাগ।

ক. ব্যবসা ও রাজনীতি অনুষদের অধীনে
১. ব্যবসা প্রশাসন ও
২. অর্থনীতি বিভাগ

খ. কলা ও সমাজবিজ্ঞান অনুষদের অধীনে
১. ইংরেজি, ২. আইন, ৩. সামাজিক সম্পর্ক (এই বিভাগের অধীনে পপুলেশন ও পাবলিক হেলথ বিষয়ক স্নাতক কোর্স চালু আছে), ৪. তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা এবং ৫. সমাজবিজ্ঞান বিভাগ

গ. বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের অধীনে
১. 'কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং', ২. 'ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং', ৩. 'ইলেকট্রনিকস অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং', ৪. 'জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি', ৫. 'ফার্মেসি', ৬. 'সিভিল ইঞ্জিনিয়ারিং, ৭. 'ম্যাথমেটিক্স ও ফিজিক্যাল সায়েন্সেস' বিভাগ

প্রতিভা বিকাশক কার্যক্রম

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি শিক্ষার্থীদের বিকাশের জন্য সর্বোচ্চ সহায়তা করে থাকে। শিক্ষার্থীদের জন্য রয়েছে প্রায় ২৫টি ক্লাব। রয়েছে নানান ধরনের মানসিক চাপ মোকাবিলার জন্য পেশাদার মনোবিজ্ঞানীদের নিয়ে গঠিত মানসিক সেবাকেন্দ্র। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরি, গবেষণা কেন্দ্র, ক্যারিয়ার কাউন্সিলিং সেন্টার, কোয়ালিটি অ্যাসুরেন্স সেল, মেডিকেল সেন্টার, অডিটোরিয়াম, ক্যান্টিন– সবই তৈরি হয়েছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ সৃষ্টিতে।

ভর্তি ও টিউশন ফির বিষয়ে বিস্তারিত তথ্য পাওয়া যাবে www.ewubd.edu এই ওয়েবসাইটে।

By **epaper.deshrupantor.com** (https://epaper.deshrupantor.com) | Version 1.0.0